



WBCLA

## News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XVII

January-2009— December, 2009

No. 1-4

### সম্পাদকীয়

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির সৃষ্টি করা হয়েছিল বিশেষ কতকগুলি Challenge-কে মোকাবিলা করার প্রয়াস নিয়ে। যেমন, কলেজ গ্রন্থাগারিকদের জন্য শিক্ষক সমতুল পদমর্যাদা ও চাকুরির শর্তাবলী, শিক্ষাগত যোগ্যতা, ইউ.জি.সি বেতনক্রম ইত্যাদি ইত্যাদি। ঘটনাটি ১৯৮০ দশকের। বর্তমান প্রজন্মের গ্রন্থাগারিকদের কাছে বিষয়টি অজানা। সমিতির ইতিহাসে, যদি কোনোদিন ইতিহাস লেখা হয়, ঘটনাটির উল্লেখ অবশ্যই থাকবে।

Challenge এখনও অব্যাহত। প্রতিটি ক্ষেত্রে, বিশেষ করে পেশাগত দাবিগুলি আদায়ে আমরা খুব সহজে সফল হতে পারিনি। দীর্ঘ লড়াই, ধৈর্যশীল অপেক্ষা, মানসিক যন্ত্রণাও ভোগ করতে হয়েছে। অনেকেই জানেন। প্রসঙ্গত: দুই-একটি বিষয়ে আলোকপাত করা যেতে পারে। যেমন ৫.১২.১৯৯০ সালে ২২০০-৮০০০/- বেতনক্রম এর G.O. প্রকাশিত হয়। ১২.৩.৯১-এ ৩০০০-৫০০০/- ও ৩৭০০-৫৭০০/- বেতনক্রমের G.O. প্রকাশিত হয়। কিন্তু এই দুটি বেতনক্রমের ইচ্ছাকৃত তৈরী সমস্যাটি সমাধান হয় ২৮.১২.১৯৯৪-এ। দিনের পর দিন, মাসের পর মাস সরকারী দপ্তরে যাতায়াত, চিঠি পত্রাদি দেওয়া হয়। অবাক হবেন, এজন্য প্রায় চল্লিশ বারেরও বেশী দিন সংশ্লিষ্ট দপ্তরে যেতে হয়েছে। আবার ১৪৯৮০/- বেতনের সুবিধা সংক্রান্ত ইউ.জি.সি. নির্দেশনামা ১৯.১০.২০০৬ এ প্রকাশিত হয়। পঃবঃ সরকারের উচ্চশিক্ষা দপ্তর ২৯.১০.২০০৮-এ G.O. প্রকাশ করেন। কিন্তু এখনও উক্ত G.O. টির ক্রটি সংশোধন বাকি। ইতিমধ্যে তিনবার ক্রটি সংশোধিত হয়েছে। এখনও ক্রটি আছে।